

স্কুলে স্কুলে বই উৎসব আজ

■ বিনামূল্যে বই
নতুন বছর মানেই নতুন ক্লাস, নতুন পড়াশোনা, নতুন উত্তেজনা। আর সেই পড়াশোনা যদি হয় ছাপাখানার গন্ধমাখা নতুন বই দিয়ে তাহলে ভেঁ কথাই নেই। দেশের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের সেই আনন্দ দিতেই আজ বই উৎসবের সারাদেশে স্কুলে স্কুলে অনুষ্ঠিত হবে 'বই উৎসব'। খাপি হাতে

স্কুলে যাবে শিক্ষার্থীরা, উৎসবের আমেজে সেখানে তাদের হাতে ভুলে দেওয়া হবে নতুন ক্লাসের বই। বিনামূল্যে বিতরণকৃত বই নিয়ে বাড়ি ফিরবে তারা।

উৎসবটি হতো গতকালই, অর্থাৎ নতুন বছরের প্রথম দিন। কিন্তু আখেরি চাহার সোয়া উপলক্ষে সব শিক্ষা প্রতিষ্ঠানে দুটি থাকায় গতকাল আর সেটি হতে পারেনি। তবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল গণভবনে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে বই উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

প্রসঙ্গত, ২০১১ সাল থেকে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই পৌঁছানোর বিষয়টি উৎসবের আমেজে নিয়ে যাওয়ার উদ্যোগ থেকেই শিক্ষাবর্ষের প্রথম দিবসটিকে পাঠ্যপুস্তক উৎসব দিবস হিসাবে পালন করা হচ্ছে।

এ বছর মোট চার কোটি ৩৩ লাখ ৫৩ হাজার ২০১ জন শিক্ষার্থীর হাতে মোট ৩১ কোটি ৭৭ লাখ ২৫ হাজার ৫২৬টি বই ও শিক্ষা উপকরণ বিতরণ করা হবে। এর মধ্যে তিন কোটি ৭৩ লাখ ৩৬ হাজার ৬৭২ শিক্ষার্থীর হাতে ২৯ কোটি ৯৬ লাখ ৭৫ হাজার ৯৩৮টি বিনামূল্যের পাঠ্যবই এবং প্রাক-প্রাথমিক স্তরের পৃষ্ঠা ১৯ কলাম ৬

স্কুলে পৌঁছেছে প্রায় শতভাগ বই

শিক্ষার্থী : ৩ কোটি ৭৩ লাখ ৩৬ হাজার ৬৭২ জন
বই : ২৯ কোটি ৯৬ লাখ ৭৫ হাজার ৯৩৮টি



স্কুলে স্কুলে বই উৎসব আজ

লাখ ১৬ হাজার ৫১৯ শিক্ষার্থীর মধ্যে বিভিন্ন ধরনের এক কোটি ৮০ লাখ ৪৮৮টি শিক্ষা উপকরণ বিতরণ করা হবে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক সজ্জা কান্তি মণ্ডল বলেন, সারাদেশে ৯০ ডায়ের বেশি বই পৌঁছে গেছে। রাজনৈতিক অস্থিরতার কারণে কিছু ট্রাক কোথাও কোথাও আটকে আছে। অস্থিরতা কেটে গেলেই বাকি বই পৌঁছে যাবে বলে তিনি জানান।

তথ্য অনুযায়ী, ৭৩১টি স্টেটে ২০১৪ শিক্ষাবর্ষের ২৯ কোটি ৭৪ লাখ ৭৩ হাজার ৩৮৬ কপি পাঠ্যবই ছাপা হয়েছে। মোট বইয়ের মধ্যে প্রাথমিক স্তরের দুই কোটি ৩১ লাখ ৬৯ হাজার ৩৫১ জন শিক্ষার্থীর জন্য বই ছাপা হয়েছে ১১ কোটি ৩৭ লাখ ২৭ হাজার ৩৫৫ কপি বই। কাগজসহ আন্তর্জাতিক দরপত্র ৯৯টি স্টেটে প্রাথমিক স্তরের বই ছাপা হয়েছে।

মাধ্যমিক স্তরের মোট ৯৪ লাখ ৪৫ হাজার ১৩৬ জন শিক্ষার্থীর জন্য ১৩ কোটি ৭৫ লাখ ৭৬ হাজার ৯০০ কপি বই ছাপা হয়েছে। জাতীয় টেকসার (দরপত্র) ৫২৮টি স্টেটে মাধ্যমিক স্তরের বই ছাপা হয়েছে। এছাড়া মাদ্রাসার ইংরেজি, মাদ্রাস ও মাদ্রাস ডায়ের স্তরের ৪৭ লাখ ২২ হাজার ১৮৫ জন শিক্ষার্থীর জন্য চার কোটি ৬১ লাখ ৬৯ হাজার ১৩১ কপি বই ছাপা হয়েছে। সরকার ২০১০ সাল থেকে বিনামূল্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পাঠ্যবই বিতরণ করছে।

মাউশির মহাপরিচালক অধ্যাপক তাহিমা খাতুন বলেন, সারাদেশে স্কুলে বই পৌঁছে গেছে। তবে মাদ্রাসার ক্ষেত্রে ৮৭ থেকে ৯০ ডায় বই পৌঁছেছে। তিনি বলেন, বই বিতরণের প্রধান উৎসবটি অনুষ্ঠিত হবে রাজধানীর গভর্নমেন্ট দ্যাবরেটরিসহ ৩টি ক্লাস ও ১টি মাদ্রাসায়। এছাড়া ঢাকার ২৮টি স্কুলে পাঠ্যপুস্তক উৎসবে মাউশির কর্তব্যকর্তারা যাবেন। বাকি শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ নিজ উদ্যোগে বই বিতরণ করবে।